

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-২ (সেবা) শাখা

বিষয়: জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল দপ্তর/সংস্থার কর্মসূচি
চূড়ান্তকরণ ও প্রস্তুতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মোস্তফা কামাল সচিব
সভার তারিখ	১০ জুলাই, ২০২৩
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	(পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে সভাপতি সভাকক্ষে উপস্থিত এবং জুম অ্যাপের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানান। শুরুতেই তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি যথাযথ সম্মান ও ভাবগাম্ভীর্যের সাথে আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুসরণে বিস্তারিত কর্মসূচি গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতির আহ্বানে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি সম্পর্কে বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।	সকল দপ্তর/সংস্থা।
২.	১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৬.০০ টায় জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে অর্পণ করা।	নৌপরিবহন মন্ত্রণালয়। সকল দপ্তর/সংস্থা।
৩.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বরণকে শ্রদ্ধা জানাতে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ ০১ আগস্ট ২০২৩ থেকে কালো ব্যাজ পরিধান করবে।	নৌপরিবহন মন্ত্রণালয়। সকল দপ্তর/সংস্থা।
৪.	(ক) দিবসটি পালনের জন্য অধীনস্থ সংস্থাসমূহের শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে জাতীয় কর্মসূচির আলোকে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন। (খ) নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় শোক দিবসের সঙ্গে সজ্জতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা।
৫.	নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা।	সকল দপ্তর/সংস্থা।
৬.	জাতীয় কর্মসূচির আলোকে অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন করবে।	সকল দপ্তর/সংস্থা।
৭.	সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্মসূচি প্রণয়ন করে আগামী ১৫ জুলাই ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং আগস্ট ২০২৩ এর প্রথম সপ্তাহে ফলো আপ সভা করবে।	সকল দপ্তর/সংস্থা।
৮.	দপ্তর/সংস্থাসমূহ সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রশাসন এর সাথে সমন্বয় করে জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ করবে।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা।

৯.	বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামাচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয় চীন, আমার পিতা শেখ মুজিব ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং সরকারি অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে রাখতে হবে।	সকল দপ্তর/সংস্থা।
১০.	জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে নৌপরিবহন অধিদপ্তর ক্রোড়পত্র প্রকাশ করবে।	নৌপরিবহন অধিদপ্তর
১১.	জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষে সুবিধাজনক সময়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর টুঞ্জিপাড়াস্থ সমাধিতে পুষ্পস্তবক অর্পণ।	নৌপরিবহন মন্ত্রণালয় ও মোংলা বন্দর কর্তৃপক্ষ
১২.	নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক ১৫-০৮-২০২৩ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) 'র মুক্তিযোদ্ধা স্মৃতি মিলনায়তনে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার আয়োজন। (ক) আলোচনার বিষয় নির্ধারণ: (খ) প্রধান আলোচক নির্ধারণ:	নৌপরিবহন মন্ত্রণালয় ও বিআইডব্লিউটিএ
১৩.	আগামী ১০ আগস্ট, ২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ৩.০০ ঘটিকায় একটি ফলো-আপ সভা আয়োজন।	নৌপরিবহন মন্ত্রণালয়।

৩. যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর্যের সাথে জাতীয় শোক দিবস পালনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলের প্রতি অনুরোধ জানান।

৪. সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মোস্তফা কামাল
সচিব


স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৪৩.২৩.০০৫.২২.৭২

তারিখ: ২৭ আষাঢ়, ১৪৩০

১১ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা
- ২) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা



মোঃ আলাউদ্দিন
সহকারি সচিব